আপডেট: গাংনীতে চাকরি না পেয়ে টাকা ফেরতের দাবিতে অনশন

১৫ লক্ষ টাকা দিয়েও চাকরী পাননি গৃহবধু মৌমিতা খাতুন পলি। গাংনী পৌরসভায় সহকারি কর আদায়কারি পদে চাকরীর জন্য মেয়র আশরাফুল ইসলামের কাছে টাকা দেন তিনি। তিন বছর অস্থায়ীভাবে কাজ করানোর পরও তাকে নিয়োগ দেয়া হয়নি। ফলে টাকা ফেরত পাওয়ার জন্য অনশনে বসেছেন ওই গৃহবধু।

বৃহষ্পতিবার সকাল থেকে উপজেলা পরিষদ শহীদ মিনারে অনশন শুরু করেন তিনি। পরে রাতে ওসির আশ্বস্তায় অনশন ভাঙেন পলি। তবে পৌর মেয়র জানান, চাকরীর জন্য নয়, জমি ক্রয়ের জন্য টাকা দিয়েছিলেন গৃহবধুর স্বামী।

গাংনী পৌর সভার শিশিরপাড়া গ্রামের শাহাবুদ্দিনের মেয়ে অনশনকারি মৌমিতা খাতুন জানান, তিন বছর যাবৎ গাংনী পৌরসভায় সহকারী কর আদায়কারী হিসেবে অস্থায়ীভাবে চাকুরী করেছি। চাকুরি স্থায়ীকরণের জন্য পৌর মেয়র আশরাফুল ইসলামকে ১৫ লক্ষ টাকা দেয়া হয়। উক্ত পদে চুড়ান্ত নিয়োগের জন্য ১৯/০৫/২০১৮ ইং তারিখে তৎকালীন সময়ে ভারপ্রাপ্ত মেয়র নবীর উদ্দিনের স্বাক্ষরিত একটি নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করেন। কিন্তু ওই পদে পলিকে নিয়োগ না দিয়ে মেহেরপুরের একটি মেয়েকে নিয়োগ দেওয়া হয়।

চাকরী না পাওয়ায় মেয়রকে দেয়া ১৫ লক্ষ টাকা ফেরত চাইলে তিনি আমাকে বিভিন্নভাবে হয়রানী ও অকথ্য ভাষায় গালিগালাজ করেন। পলি অভিযোগ কেও আরো জানান, মেয়র আশরাফুলের হাতে ৬ লাখ ৯০ হাজার টাকা প্রদান করার পর তিনি একটি মামলায় জেল হাজতে যান। পরে জেলগেটে দেখা করার পর তিনি তার স্ত্রী জেলা পরিষদের সংরক্ষিত মাহিলা সদস্য শাহানা ইসলাম শান্তনা’র ব্যাংক হিসেবে ৮ লাখ ১০ হাজার টাকা জমা করি।

এ বিষয়ে পৌর মেয়র আশরাফুল ইসলাম জানান, আমি মৌমিতা খাতুন পলিকে চাকুরী দেওয়া বলে কোন টাকা গ্রহণ করিনি। তবে সে অস্থায়ীভাবে সহকারী কর আদায় কারী হিসেবে কিছুদিন পৌর সভায় কাজ করেছিল। তবে পৌরসভার কাছে তার কোন দেনা পাওনা নাই।

তিনি আরো বলেন, পলি যে টাকার বিষয়ে বলতে চাচ্ছে সেটা হলো তার স্বামী মোমিন শিশিরপাড়া গ্রামে আমার দেড় বিঘা জমি কেনার জন্য

তাদের প্রতিবেশি ও একজন জন-প্রতিনিধি টাকা পয়সার ব্যাপারে আমাকে জানায়নি। অন্যেও মুখ থেকে শুনেছি তবে মৌমিতা খাতুন পৌর সভায় কাজ করতেন এবিষয়টি আমি জানি।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান বৃহস্পতিবার সন্ধ্যায় সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী উপজেলা পরিষদ শহীদ মিনারে উপস্থিত হয়ে অনশনকারিদের অভিযোগ সুরাহা করার আশ্বাস দেন এবং তাদের নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে বিষয়টি নিয়ে পৌর মেয়রের সাথে আলাপ আলোচনার মাধ্যমে সুরাহা করবেন বলে অনশন ভঙ্গ করার অনুরোধ জানান।

সেই সাথে এলাকাবাসীরাও তাদের অনশন ভঙ্গ করতে অনুরোধ জানান। তবুও অনশন কারিরা তাদের সিদ্ধান্তে অনড় অবস্থায় রয়েছেন। টাকা না দিলে তারা অনশন ভঙ্গ করবেননা বলে জানান।

দোকান মালিকের রাখা বালি গাদাই বাজারের ব্যবসায়ীরা ভোগান্তির শিকার

গাংনী পৌরসভার বাঁশবাড়ীয়া বাজারের দোকান ঘরের মালিক রিজাল শাহ’র ছেলে সাইন এর রাখা বালির গাদাই চরম ভোগান্তির শিকার শাহাজান স্টোরের শাহাজান জানান ৪লক্ষ টাকা জামাত ও প্রতি মাসে ৪হাজার টাকা ভাড়া দিয়ে ব্যবসা করে আসছি।

কিন্ত দোকার মালিক নিজে দোকানের সামনে বালি গাদা দিয়ে রাখার কারণে ব্যবসায়ী ভাবে চরম ক্ষতির শিকার আমি। মুদি দোকানদার আব্দুল আজিজ জানান আমার দোকানের সাটার খোলার কায়দা নেই।

চায়ের দোকানদার মাসুদ জানান আমার চায়ের দোকানের পাশে বালির গাদা থাকার কারণে খরিদ্দার বসে না। কসমেটিক দোকান মালিক জামারুল জানান রিজাল শাহ ছেলে সাইন শাহ বালি রাখার কারণে দোকানের মালপত্র নষ্ট হয়ে যাচ্ছে। পশু চিকিৎসক লিয়াকত আলী জানান রাস্তার

জায়গার উপর বালি রেখে আমাদের ব্যবসার বারোটা বাঁজিয়েছে।

কসমেটিক দোকান মালিক নিহাজ আলী জানান সরকারি জায়গায় বালি রেখে দোকানদার কে ভোগান্তির মধ্য ফেলেছে। মুদি দোকান মালিক ইমাজদ্দীন জানান বালির কারণে আমি দোকানে বসে ব্যবসা করতে পারি না। কাপড়ের দোকান মালিক হাবিবুর জানান বালি নিয়ে আমরা বিপদের আছি বাঁশবাড়ীয় বাজারের কিছু দোকান মালিকরা।

বাঁশবাড়ীয়া বাজার পরিচালক পরিষদের সাধারণ সস্পাদক আব্দুল খালেক জানান বাজারের বিভিন্ন জায়গায় বালি রাখার কারণে দোকান মালিক ব্যবসায়ী ক্ষতির শিকার হয়। আমরা পৌর কর্তৃপক্ষ কে বিষয় টি জানালে তারা বালি ব্যবসায়ী সাইন কে নোটিশ করে কিন্ত কোন কাজ হয়নি। বাঁশবাড়ীয়া বাজার পরিচালক পরিষদের সভাপতি সামসুজ্জামান জানান পরিষদের সিদ্ধান্ত নিয়ে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

গাংনী পৌরসভার ১নং ওয়ার্ড কাউস্মিলর মিজানুর রহমান (মদন) জানান পৌরকর্তৃপক্ষ বালু ব্যবসায়ী সাইন শাহ কে নোটিশ দিয়ে জানিয়েছে বালু সরিয়ে না নিলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

১৫ লাখ নিলেন, কিন্তু চাকরি দিলেন না গাংনী পৌর মেয়র

১৫ লক্ষ টাকা দিয়েও চাকরী পাননি গৃহবধু মৌমিতা খাতুন পলি। গাংনী পৌরসভায় সহকারি কর আদায়কারি পদে চাকরীর জন্য মেয়র আশরাফুল ইসলামের কাছে টাকা দেন তিনি। তিন বছর অস্থায়ীভাবে কাজ করানোর পরও তাকে নিয়োগ দেয়া হয়নি। ফলে টাকা ফেরত পাওয়ার জন্য অনশনে বসেছেন ওই গৃহবধু।

বৃহষ্পতিবার সকাল থেকে উপজেলা পরিষদ শহীদ মিনারে অনশন শুরু করেন তিনি। তবে পৌর মেয়র জানান, চাকরীর জন্য নয়, জমি ক্রয়ের জন্য টাকা দিয়েছিলেন গৃহবধুর স্বামী।

গাংনী পৌর সভার শিশিরপাড়া গ্রামের শাহাবুদ্দিনের মেয়ে অনশনকারি

মৌমিতা খাতুন জানান, তিন বছর যাবৎ গাংনী পৌরসভায় সহকারী কর আদায়কারী হিসেবে অস্থায়ীভাবে চাকুরী করেছি। চাকুরি স্থায়ীকরণের জন্য পৌর মেয়র আশরাফুল ইসলামকে ১৫ লক্ষ টাকা দেয়া হয়। উক্ত পদে চুড়ান্ত নিয়োগের জন্য ১৯/০৫/২০১৮ ইং তারিখে তৎকালীন সময়ে ভারপ্রাপ্ত মেয়র নবীর উদ্দিনের স্বাক্ষরিত একটি নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করেন। কিন্তু ওই পদে পলিকে নিয়োগ না দিয়ে মেহেরপুরের একটি মেয়েকে নিয়োগ দেওয়া হয়।

চাকরী না পাওয়ায় মেয়রকে দেয়া ১৫ লক্ষ টাকা ফেরত চাইলে তিনি আমাকে বিভিন্নভাবে হয়রানী ও অকথ্য ভাষায় গালিগালাজ করেন। পলি অভিযোগ কেও আরো জানান, মেয়র আশরাফুলের হাতে ৬ লাখ ৯০ হাজার টাকা প্রদান করার পর তিনি একটি মামলায় জেল হাজতে যান। পরে জেলগেটে দেখা করার পর তিনি তার স্ত্রী জেলা পরিষদের সংরক্ষিত মাহিলা সদস্য শাহানা ইসলাম শান্তনা’র ব্যাংক হিসেবে ৮ লাখ ১০ হাজার টাকা জমা করি।

এ বিষয়ে পৌর মেয়র আশরাফুল ইসলাম জানান, আমি মৌমিতা খাতুন পলিকে চাকুরী দেওয়া বলে কোন টাকা গ্রহণ করিনি। তবে সে অস্থায়ীভাবে সহকারী কর আদায় কারী হিসেবে কিছুদিন পৌর সভায় কাজ করেছিল। তবে পৌরসভার কাছে তার কোন দেনা পাওনা নাই। তিনি আরো বলেন, পলি যে টাকার বিষয়ে বলতে চাচ্ছে সেটা হলো তার স্বামী মোমিন শিশিরপাড়া গ্রামে আমার দেড় বিঘা জমি কেনার জন্য আমাকে প্রায় ৬ লক্ষ টাকা দিয়েছিল। সে জমি পলি’র পিতা বর্তমানে চাষাবাদ করছে। পলি আমাকে জানায়, জমি তারা কিনবে না তবে টাকা যেন তার হাতে ফেরত দেওয়া হয়। আমি টাকা নিয়েছি পলির স্বামী মোমিনের নিকট থেকে তাই মমিনের হাতে টাকা ফেরত দেওয়া হবে। এ জন্যই মৌমিতা খাতুন আমার মান ক্ষুন্ন করার জন্য চেষ্টা করছে।

গাংনীর হাড়াভাঙ্গা ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর

উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা বাজারে ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল ৫ টার দিকে হাড়াভাঙ্গা সেন্টার পাড়া বাজারে এ ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়। হাড়াভাঙ্গা সেন্টার পাড়ার বাজার কমিটির সভাপতি জামাল উদ্দিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাচ-বাংলা এজেন্ট ব্যাংক লিমিটেডের এরিয়া ম্যানেজার আশরাফুল ইসলাম।

এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক জামশেদ আলীর উপস্থাপনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন করমদি কলেজের প্রভাষক আমজাদ হোসেন ও কাজীপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান। ডাচ বাংলা ব্যাঙ্ক এরিয়া ম্যানেজার আশরাফুল ইসলাম এ এজেন্ট ব্যাংকের সুবিধা বিষয়ে বক্তব্য তুলে ধরেন।

বক্তারা বলেন, এলাকার মানুষ ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং থেকে অনেক সুবিধা পাবে। সময় নষ্ট না করে হাতের নাগালেই ব্যাংকিং সুবিধা পাবে মানুষ। ব্যাংকটি হাড়াভাঙ্গা বাজারে হওয়ার কারণে ব্যাংক কর্তৃপক্ষকে এলাকার মানুষ সাধুবাদ জানিয়েছেন।

এ সময় এলাকার নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে ২৫ বোতল ফেন্সিডিলসহ একজন আটক

মেহেরপুরের গাংনী চৌগাছা এলাকায় অভিযান চালিয়ে ২৫ বোতল ফেন্সিডিলসহ দরবেশ আলী(২৩) নামের মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাংনী থানার এসআই তরিকুল ইসলাম

সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালন করেন।

আটককৃত দরবেশ আলী কুষ্টিয়ার দৌলতুপুর উপজেলার খলিসাকুন্ডি গ্রামের বড়গোরস্থান পাড়ার আব্দুল গনির ছেলে। তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

গাংনীর মটমুড়ার গাঁজাচাষী দুলাল হোসেনকে জেলগেটে জিজ্ঞাসাবাদ

মেহেরপুরের গাংনীর মটমুড়া গ্রামের গাঁজাচাষী দুলাল হোসেনকে জিজ্ঞাসাবাদ করেছে পুলিশ। মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেল গেটে তাকে জিজ্ঞাসাবাদ করেন ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম। সে মটমুড়া গ্রামের কাশেম আলীর ছেলে।

গাংনী থানার ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম জানান, গাঁজাচাষী দুলাল হোসেন সম্প্রতি আদালতে অত্মসমর্পন করেন। আদালতে তার ৫ দিনের রিমান্ড আবেদন করলে বিজ্ঞ আদালত ১ দিনের জন্য জেল গেটে জিজ্ঞাসাবাদের অনুমতি প্রদান করে।

জিজ্ঞাসাবাদের এক পর্যায় গাঁজার গাছ সংগ্রহ ও বিক্রি সহ চাষের সাথে জড়িতদের বিষয়ে গুরুত্বপূর্ন তথ্য দিয়েছে মামলার তদন্তের স্বার্থে সবকিছু এখনই বলা সম্ভব হচ্ছেনা। মামলার সুষ্ট তদন্তের প্রয়োজনে আবারো রিমান্ড আবেদন করা হবে।

উল্লেখ্য: দুলাল হোসেন তার বাড়ির পার্শে গাঁজা চাষাবাদ করছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপারের নির্দেশনায় অভিযান চালিয়ে ১শ’৯০টি গাঁজা গাছ উদ্ধার করা হয়।

এ ঘটনায় পুলিশের উপ পরিদর্শক আলী রেজা বাদী হয়ে দুলাল হোসেন ও তার স্ত্রী শেফালীর নামে গাংনী থানায় একটি মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করেছে। মামলা নং ৩২। তাং ৩০.০৭.২০২০ ইং।

মামলায় দুলালের স্ত্রী শেফালী খাতুনকে আটক করলেও পুলিশের উপস্থিতি টের পেয়ে গাঁজা চাষী দুলাল হোসেন পালিয়ে যায় দুলাল হোসেন।

গাংনীতে প্রতিবন্ধী মহিলাকে ধর্ষনের অভিযোগে একজন আটক

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী মহিলাকে ধর্ষনের অভিযোগে আবু তাহের নামের এক লম্পটের বিরুদ্ধে মামলা হয়েছে।
মঙ্গলবার ঐ মহিলার ভাই শফিকুল ইসলাম বাদী হয়ে তাহেরের নামে গাংনী থানায় ধর্ষনের মামলা দায়ের করে। এ ঘটনার পর থেকে আবু তাহের পলাতক রয়েছে। সে ধানখোলা বাগান পাড়ার মৃত ইসলাম আলীর ছেলে।
গাংনী থানার ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম জানান, সোমবার দিবাগত মধ্যে রাতে প্রতিবন্ধী মহিলাকে ধর্ষনের অভিযোগে লম্পট আবু তাহেরের বিরুদ্ধে একটি ধর্ষনের মামলা দায়ের করেছে। মামলা নং ২০ তাং ১৮.০৮.২০২০ ইং। মামলার পলাতক আসামী আবু তাহেরকে গ্রেফতারের চেষ্টা চলছে। প্রতিবন্ধী ঐ মহিলাকে ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হবে। এরপর আদালতে ২২ ধারা মোতাবেক জবানবন্দি দেবেন সে।
মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই হাবিব জানান,প্রতিবন্ধী মহিলার বাড়ি কসবা গ্রামে। সে তার খালাতো বোনের বাড়িতে বেড়াতে আসলে লম্পট আবু তাহের জোর পূর্বক ধর্ষন করে ।
গাংনী থানার ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম আরো জানান,লম্পট আবু তাহের ২০১৯ সালের ১৫ ডিসেম্বর তার ৫ বছর বয়সি সৎ মেয়েকে যৌন নির্যাতন করে। ঐ ঘটনায় মেয়েটির মা মফিরন নেছা বাদী হয়ে গাংনী থানায় নারী ও শিশু নির্যাতন আইনে একটি মামলা দায়ের করেন মামলা নম্বর ১৪। তারিখ ১৬-১২-১৯ ইং । মামলায় জামিন পেয়ে জেলা কারাগার থেকে কিছুদিন আগে মুক্তি পেয়েছে। মুক্তি পাওয়ার পর সৎ মেয়ে ও মা মফিরকে কয়েকবার হামলা করে। এক পর্যায় মফিরন লম্পট আবু তাহেরকে তালাক দিকে বাধ্য হয়। তালাক হওয়ার পরও মফিরন ও তার মেয়েকে নানা ভাবে অত্যাচার শুরু করেছে।

[redacted]

[redacted]

চৌকশ ও ডেডিকেটেড অফিসার নিয়ে শাখা ম্যানেজার সিনিয়র প্রিন্সিপাল অফিসার আবুল কালাম আজাদ এর দক্ষ পরিচালনায় গাংনীর মানুষ কে সবোর্চচ সেবার প্রতিশ্রুতিতে শুভ উদ্বোধন করা হলো রুপালী ব্যাংক গাংনী শাখার কার্যক্রম ।

গাংনীতে সাপের কামড়ে কৃষকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে সাপের কামড়ে খসরুল আলম খসরু (৩৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

সোমবার রাত ১২ টায় তার নিজ বাড়িতে মৃত্যু হয়। সে উপজেলার কাজীপুর গ্রামের হালসানা পাড়ার উকিল উদ্দীনের ছেলে।

স্থানীয় ইউপি সদস্য মো: খবির উদ্দীন জানান, খসরুল আলম খসরু প্রতিদিনের ন্যায় সিমান্ত এলাকায় একটি জমিতে কাজ করছিলো। এসময় বিষধর সাপে তার পায়ে কামড় দিলে অসুস্থ হয়ে পড়ে। সাপে কামড়ের বিষয়টি তার পরিবারের সদস্যদের কাছে গোপন করে। রাত গভীর হওয়ার সাথে সাথে অসুস্থতাও বাড়তে থাকে এক পর্যায় সাপে কামড়ের বিষয়টি পরিবারের সদস্যদের জানালে একজন ওঝাকে দিয়ে বিষ উত্তোলনের জন্য চেষ্টা করলেও শেষ পর্যন্ত তার মৃত্যু হয়।

মৃতের পরিবার ও স্থানীয় সৃত্র জানায়, খসরুল আলম খসরু’র নামে একটি মাদকের মামলা রয়েছে। মামলার পর থেকে অনেকটাই আত্মগোপনে থাকতো সে। পুলিশের হাতে আটক হতে পারে এমন আশংখায় হাসপাতালে চিকিৎসা নিতে যায়নি।

গাংনী হাসপাতালে চিকিৎসকের বিরুদ্ধে দায়িত্ব অবহেলার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকের দায়িত্ব অবহেলার অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘটেছে রবিবার রাতে।

রোগীর পরিবারের লোকজন জানান, রবিবার রাত দুইটার দিকে উপজেলার বাওট গ্রামের মৃত ইসাহাক কারীর ছেলে সিরাজুল ইসলাকে মুমূর্ষ অবস্থায় একজন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয় তার পরিবারের লোকজন। সেখানে কর্তব্যরত কাউকে দেখতে পায়নি তারা। প্রায় আধা ঘন্টা যাবৎ উচ্চস্বরে ডাকাডাকির পর কোন সাড়া না পেয়ে সাংবাদিককে ফোন দেই রোগীর পরিবার।

ওই রাতেই গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলমের কাছে জানতে চাইলে তিনি বলেন, আমাদের সেবা ২৪ ঘন্টা অব্যাহত রয়েছে ১০৯ নম্বর রুমে ডাক্তার রয়েছে। রুগীর পরিবারের লোকজন বাস্তবে দেখে ১০৯ নম্বর রুমে তালা ঝুলানো ভিতর লাইট এবং ফ্যান চলছে।

একটু পরেই ডাঃ রিয়াজুল আলম জানান ১০১ নাম্বার রুমে ডাক্তার দেবাশীষ রয়েছে এবং সেই সাথে বলেন আপনি একজন সরকারি কর্মকর্তাকে এত রাতে বিরক্ত করছেন আপনাকে আমলে নিলাম।

এরপর ডাক্তার নার্স রোগীর পরিবারের লোকজনের সাথে দেখা করে এবং প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

কর্তব্যরত চিকিৎসক ডাঃ দেবাশীষ জানান, রোগীর লোকজন দরজায় নক না করে ফ্লোরে ছুটাছুটি করেছে। একবার চিৎকারের শব্দ শুনেছি এবং আমার কাছে মনে হয়েছে ওয়ার্ডের কোন রোগীর বা বাইরের কোন শব্দ।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম তার কথা পরিবর্তন করে বলেন আপনাকে নয় তথ্যটি আমলে নেওয়ার কথা বলেছেন। তিনি আরো বলেন ডাক্তার, নার্স, ওয়ার্ড বয় সবাই হাসপাতালে ছিল খুঁজে না পাওয়ার কোন সুযোগ নাই।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আরএম সেলিম শাহনেওয়াজ জানান, বিষয়টি অবগত হলাম। উর্ধতন কর্তৃপক্ষকে জানানো হবে।